তারিখ 07 JAN 2016
পৃষ্ঠা ২য় কলাম ২

# কক্সবাজারে স্কুল শিক্ষককে গুলি করে হত্যা

■ কক্সবাজার অফিস

কক্সবাজারের রামু উপজেলায় গভীর রাতে দরজা ভেঙে ঘরে ঢুকে মোহাম্মদ নুরুচ্ছফা (২৯) নামে এক স্কুলশিক্ষককে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। হামলায় নিহতের এক ভাইও আহত হয়েছেন। উপজেলার ঈদগড় ইউনিয়নের মোহাম্মদ শরীফপাড়ায় মঙ্গলবার রাত ২টার দিকে এ ঘটনা ঘটে।

জমি-সংক্রান্ত বিরোধের জের ধরে প্রতিপক্ষ এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটিয়েছে বলে নিহতের পারিবারিক সূত্র দাবি করেছে। ঘটনায় জড়িত সন্দেহে জসিম নামে এক ব্যক্তিকে পুলিশ আটক করেছে।

ঈদগড় পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক নজরুল ইসলাম জানিয়েছেন, নিহত মোহাম্মদ নুরুচ্ছফা স্থানীয় বড়বিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ছিলেন। গুলিবিদ্ধ তার ছোট ভাইয়ের নাম মোহাম্মদ নুরুন্নবী। পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে। ঘটনায় জড়িতদের সম্পর্কে খোঁজখবর নিয়ে গ্রেফতারের কাজ শুরু করা হয়েছে।

এলাকাবাসী জানায়, নিহত নুরুচ্ছফার পরিবারের সঙ্গে জমি নিয়ে একই গ্রামের মহিউদ্দিনের পরিবারের বিরোধ চলে আসছিল দীর্ঘদিন ধরে। এ নিয়ে মামলা-মোকদ্দমাও রয়েছে। নিহত স্কুলশিক্ষকের দায়ের করা মামলায় কারাগার থেকে গত ক'দিন আগে প্রতিপক্ষ মহিউদ্দিনের কয়েকজন নিকটাত্মীয় জামিনে বেরিয়ে আসেন। গুলিবিদ্ধ নুরুন্নবীর অভিযোগ, কারাগার থেকে বের হওয়ার পর থেকেই প্রতিপক্ষ তাদের হত্যার হুমকি দিয়ে আসছিল। এ ব্যাপারে রামু থানায় মামলার প্রস্তুতি নেওয়া হচ্ছে।